

ইনোভেশন প্রদর্শনীর জন্য আইডিয়া

ক্রমিক	সাধারণ তথ্য		
১	উদ্ভাবকের নাম ও পদবি	মোঃ সামিউল ইসলাম, ব্যবস্থাপক (পরিকল্পনা)	
২	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ৩৯৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা	
৩	ফোন নম্বর ও ই-মেইল	০১৮১৪২১২৩৯৭; sami.bscic@gmail.com	
৪	চিহ্নিত সেবার নাম	আরডিপিপি প্রক্রিয়াকরণ	
৫	চিহ্নিত সেবাটি কিভাবে দেয়া হয়?	আরডিপিপি প্রক্রিয়াকরণ কাজে প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রকল্প বিভাগের মাধ্যম হয়ে প্রস্তাবনা পরিকল্পনা শাখায় প্রেরণ করা হয়; পরবর্তীতে পরিকল্পনা শাখা কর্তৃক প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত ডকুমেন্ট যাচাই করে এতে প্রয়োজনীয় পরিমার্জন/সংশোধনের জন্য সুপারিশ করে তা পুনরায় প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করা হয়ে থাকে। পরিমার্জিত/সংশোধিত আরডিপিপি প্রস্তাবনা প্রাপ্তির পর পরিকল্পনা শাখা কর্তৃক আরডিপিপি প্রক্রিয়াকরণ কাজের পরবর্তী কার্যক্রম শুরু করা হয়।	
৬	চিহ্নিত সেবা/কাজের মূল সমস্যা	পরিকল্পনা শাখা এবং প্রকল্প পরিচালকের দপ্তরের মধ্যে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদানে সময়ক্ষেপণ।	
৭	চিহ্নিত সেবা/কাজের সেবা গ্রহীতা/প্রদানকারীর ভোগান্তি	প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রকল্পের প্রয়োজনীয় তথ্য সঠিক ফরম্যাটে পরিকল্পনা শাখাকে সঠিক সময়ে সরবরাহে কোন অটোমেটেড পদ্ধতি (সফটওয়্যার) ব্যবহৃত হয়না বিধায় তথ্য আদান-প্রদানে অতিরিক্ত সময় ব্যয় হয় এবং সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়।	
৮	উদ্ভাবনী আইডিয়া/প্রকল্পের শিরোনাম	আরডিপিপি প্রক্রিয়াকরণ কাজ সহজিকরণ	
৯	প্রস্তাবিত আইডিয়া/প্রকল্পের সারাংশ	প্রস্তাবিত পদ্ধতিতে ক্লাউডভিত্তিক সিনক্রোনাইজেশন সার্ভিস ব্যবহার করে প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রকল্প সম্পর্কিত সকল প্রয়োজনীয় তথ্য পরিকল্পনা শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার সহিত প্রকল্প চলাকালীন অনলাইনে ক্লাউড ভিত্তিক সিনক্রোনাইজেশন সার্ভিস ব্যবহার করে শেয়ার করা হবে। পিএসসি সভায় আরডিপিপি প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গৃহীত হলে প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রস্তাবনার পত্র পাওয়ার জন্য অপেক্ষা না করে পরিকল্পনা শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা প্রকল্প অফিসের অনলাইনে শেয়ারকৃত তথ্য/দলিল ব্যবহার করে নথি উপস্থাপনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু করতে পারবে। ফলে আরডিপিপি প্রক্রিয়াকরণ কাজে TCV হ্রাস পাবে।	
১০	আইডিয়া বাস্তবায়ন পদ্ধতি	আইডিয়া বাস্তবায়নের মূল অংশীজন প্রকল্প পরিচালকের কার্যালয় এবং পরিকল্পনা শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আরডিপিপি প্রক্রিয়াকরণ কাজে অনলাইন ক্লাউড ভিত্তিক সিনক্রোনাইজেশন সার্ভিস ব্যবহার করার জন্য প্রশিক্ষিত করা হবে। এতে করে পরিকল্পনা শাখা এবং প্রকল্প পরিচালকের দপ্তরের মধ্যে দাপ্তরিক কাজে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদানে সময়ক্ষেপণ হ্রাস পাবে এবং আরডিপিপি প্রক্রিয়াকরণ কাজের সহজিকরণ হবে।	
১১	প্রত্যাশিত ফলাফল (TCV++) ক) বাস্তবায়নের আগে খ) বাস্তবায়নের পরে	ক) T = 60 Day, C = 3500 Tk., V = 1	
		খ) T = 45 Day, C = 500 Tk., V = 0	
১২	আইডিয়া/উদ্যোগটির নতুনত্ব	প্রকল্পের প্রয়োজনীয় তথ্য আদান-প্রদানের জন্য ক্লাউড ভিত্তিক সিনক্রোনাইজেশন সার্ভিস ব্যবহারের মাধ্যমে কাজের গতিশীলতা বৃদ্ধি।	
১৩	প্রকল্প এলাকা এবং মেয়াদ	N/A; ৩০ দিন	
১৪	ক) আইডিয়া বাস্তবায়নে সম্ভাব্য ঝুঁকিসমূহ	সংশ্লিষ্ট কর্মকর্তাদের নতুন প্রক্রিয়ার সাথে সমন্বয় করে কার্য সম্পাদনের সক্ষমতা তৈরি	
	খ) কিভাবে তা নিরসন করা হবে?	নতুন প্রক্রিয়ায় করে কার্য সম্পাদনে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আগ্রহ ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থাগ্রহণ	
১৫	আইডিয়া পাইলটিং/বাস্তবায়ন টিম	পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন শাখার একজন করে কর্মকর্তা	
১৬	আইডিয়া বাস্তবায়নের জন্য সম্ভাব্য বাজেট ও বিভাজন	০.৫০ লক্ষ টাকা	প্রশিক্ষণ খাতে (লক্ষ টাকা)
			০.৪৫
			বিবিধ খাতে (লক্ষ টাকা)
			০.০৫
১৭	প্রয়োজনীয় রিসোর্স	০২ টি ল্যাপটপ	
১৮	প্রসেস ফ্লো	কর্মকর্তা নির্বাচন → প্রশিক্ষণ প্রদান → পাইলটিং কার্যক্রম শুরু	
১৯	অন্যান্য বিষয়		